



টিএসসিতে ছাত্রদলের ধাওয়ায় ছাত্রলীগের ৬ কর্মী আহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় ছাত্রদল কর্মীদের ধাওয়ায় ছাত্রলীগের ৬ কর্মী আহত হয়েছে। ছাত্রলীগের চিহ্নিত এক সন্ত্রাসী ক্যাম্পাসে আগমনকে কেন্দ্র করে বিক্ষুব্ধ ছাত্রদলের একটি গ্রুপ এ ঘটনা ঘটায়।

ক্যাম্পাস সূত্র জানায়, গতকাল (মঙ্গলবার) সকালে ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাক্কা আক্তার পপি, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইদুজ্জামান শিখর, সহ-সভাপতি বলরাম গোস্বামী, আব্দুল ওয়াদুদ খোকনসহ অর্ধশতাধিক নেতা-কর্মী মধুর ক্যান্টিনে আসেন। ছাত্রলীগ নেতা-কর্মীদের সাথে চিহ্নিত সন্ত্রাসী হেমায়েত ক্যাম্পাসে আসলে ছাত্রদলের কতিপয় কর্মী বিক্ষুব্ধ হয়ে ওঠে। পরে বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রলীগ নেতা-কর্মীরা ক্যাম্পাসে ভাগ করে টিএসসি এলাকায় আসলে ছাত্রদলের ২০/২৫ জন কর্মী তাদের ধাওয়া করে।